

এসইএস-এর জন্য নতুনভাবে অযোগ্য

৫ নভেম্বর, ২০১০

প্রিয় পিতামাতা:

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট এ সপ্তাহে তাদের ২০১০-১১ সালের স্কুল ইন নিড অব ইমপ্রুভমেন্ট (সিনি)-এর চূড়ান্ত তালিকা প্রকাশ করেছে। সুবিধাবঞ্চিত এসব সিনি স্কুলের শিক্ষার্থীরা স্কুল ছুটির পর ফেডারেল নো চাইল্ড লেফট বিহাইন্ড (এনসিএলবি) আইনের মাধ্যমে প্রাপ্ত তহবিলের সহায়তায় বিনামূল্যে সম্পূর্ণ শিক্ষা পরিষেবা (এসইএস) টিউটরিং লাভের যোগ্য ছিলো।

প্রাথমিক তালিকার ভিত্তিতে যদিও আপনার সন্তান স্কুল ছুটির পর টিউটরিং পরিষেবা লাভের যোগ্য ছিলো, স্টেটের “উন্নতি আবশ্যিক” স্কুলের **চূড়ান্ত** তালিকায় তার স্কুলের নাম না থাকার কারণে সে পরিষেবার জন্য আর তহবিল পাওয়া যাচ্ছে না।

এই পরিষেবার জন্য যদিও আগামীতে ফেডারেল তহবিল পাওয়া যাবে না, আমরা স্বল্প সময়ের বিজ্ঞপ্তি প্রদানের মাধ্যমে এই পরিষেবাটি বন্ধ করছি না। এর স্থলে ১২ নভেম্বর, ২০১০ তারিখ থেকে পরবর্তী ৬ বাড়তি সপ্তাহের টিউটরিং অব্যাহত রাখবো।

অনুগ্রহ করে লক্ষ করবেন, আপনার সন্তানের নির্দিষ্ট কর্মসূচি এখনও শুরু না হয়ে থাকলে স্বাভাবিকভাবে ধরে নেয়া যায় যে এই সংশ্লিষ্ট সপ্তাহ কয়েকের মধ্যে এটি শুরু হবে না। এ স্থলে আমরা আপনারদেরকে আপনার সন্তানের স্কুলের আগামী বছরের এসইএস-এর যোগ্যতার অবস্থান এবং নাম তালিকাভুক্তির সময় জানার অপেক্ষায় থাকার পরামর্শ দিচ্ছি।

আপনার সন্তানের সাফল্য কামনাতে,

শেরি হন

এসইএস প্রোগ্রাম পরিচালক